# গরীবে নেওয়াজ উচ্চ বিদ্যালয়
## GARIB-E-NEWAZ HIGH SCHOOL
ব্লক-আই, হালিশহর হাউজিং এস্টেট, থানা-হালিশহর, চট্টগ্রাম। EIIN # 104664, বিদ্যালয় কোড # ৩০১৬
ফোন ঃ ৭১২৬২৮, ইমেইল-gnhsc@yahoo.com, Web : gnsc.edu.bd

স্থাপিত ঃ ১৯৮০ ইং


বিজ্ঞপ্তি নম্বর ৩৫৮/২০২৬

তারিখ: ১২ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ / ২৭ আগস্ট ২০২৬ খ্রিষ্টাব্দ

**জরুরি-বিজ্ঞপ্তি**

বিষয়: **"নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৬-২৭ (সিজন-২)" কর্মসূচিতে শিক্ষার্থীদের অংশগ্রহণ ও নিবন্ধন নিশ্চিতকরণে বিজ্ঞপ্তি পুনঃপ্রচার প্রসঙ্গে।**

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের (শারীরিক শিক্ষা বিভাগ) এর স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১২.০৬.০০১.২০/৬৭৮০ ও তারিখ: ২৫ আগস্ট ২০২৬ খ্রি.

এতদ্দারা অত্র বিদ্যালয়ের সকল শিক্ষার্থী, শিক্ষক-কর্মচারী, সম্মানিত অভিভাবক ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ক্রীড়া উন্নয়নে সরকারের পরিকল্পনার অংশ হিসেবে "নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৬-২৭ (সিজন-২)" কর্মসূচির আওতায় দেশব্যাপী বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হচ্ছে। এ কর্মসূচির আওতায় ১০ থেকে ১৪ বছর বয়সী শিক্ষার্থীরা অনলাইন/অফলাইন নিবন্ধনের মাধ্যমে অংশগ্রহণ করতে পারবে। সকল শিক্ষার্থীকে দেশের ক্রীড়া প্রতিভা বিকাশের এ উদ্যোগে সক্রিয়ভাবে অংশগ্রহণের জন্য উৎসাহিত করা হলো।

এমতাবস্থায়, অত্র বিদ্যালয়ের আগ্রহী শিক্ষার্থীদের নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করার জন্য বলা হলো—

(ক) আগ্রহী শিক্ষার্থীদের নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে নিবন্ধন সম্পন্ন করতে হবে।
(খ) বিদ্যালয়ের পক্ষ থেকে শিক্ষার্থীদের প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা হবে।
(গ) নিবন্ধনের জন্য নির্ধারিত লিংক:
https://notunkurisports.gov.bd/registration.php
(ঘ) রেজিস্ট্রেশনের সর্বশেষ সময়: **১০ সেপ্টেম্বর ২০২৬ খ্রি.**

০২। প্রতি শ্রেণিতে পাঠদানের সময় শিক্ষার্থীদের এ বিষয়ে অবহিত ও উৎসাহিত করার জন্য স্ব-স্ব শ্রেণিশিক্ষকদের দায়িত্ব প্রদান করা হলো।

০৩। "নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৬-২৭ (সিজন-২)" কর্মসূচির যে কোনো তথ্যের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টসসহ বিদ্যালয়ের শারীরিক শিক্ষা ও শরীরচর্চা বিষয়ের সিনিয়র শিক্ষক জনাব মোহাম্মদ শাহ আলম মজুমদার (০১৮১৮০৮১২১৪) ও সহকারী শিক্ষক জনাব মো: শরীফ হোসেন (০১৭৫৮১১৮৩১৮) অথবা স্ব-স্ব শ্রেণি শিক্ষকের সঙ্গে যোগাযোগ করার জন্য জানানো হলো।

**-বিষয়টি অতীব জরুরি।**

২৭/৮/২৬

মোহাম্মদ রফিকুল ইসলাম
প্রধান শিক্ষক
গরীবে নেওয়াজ উচ্চ বিদ্যালয়
হালিশহর, চট্টগ্রাম।